গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আটোয়ারী, পঞ্চগড়
www.atwari.panchagarh.gov.bd

আটোয়ারী উপজেলার অক্টোবর, ২০২৩ মাসের আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: মুসফিকুল আলম হালিম, উপজেলা নির্বাহী অফিসার, আটোয়ারী, পঞ্চগড়। |
| তারিখ | : | ০৯.১০.২০২৩ খ্রি: |
| সময় | : | সকাল ১০.১৫ টা |
| স্থান | : | উপজেলা নির্বাহী অফিসারের সভা কক্ষ। |
| উপস্থিত সদস্য | : | উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' ও 'খ' দ্রষ্টব্য। |

উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির অক্টোবর, ২০২৩ মাসের সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর নিম্নবর্ণিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনার জন্য উপস্থিত সদস্যগণকে অনুরোধ জানানো হয়।

আলোচ্যসূচি:

(১) বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন:
(২) অপরাধ বিবরণী পর্যালোচনা।
(৩) জনপ্রতিনিধি, বিভিন্ন সরকারি দপ্তর, প্রেসক্লাব ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের নিকট থেকে আইন শৃঙ্খলা সংক্রান্ত প্রাপ্ত তথ্যের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
(৪) আটোয়ারী উপজেলার আইন-শৃঙ্খলা সমুন্নত রাখার ক্ষেত্রে সকলের করণীয়।
(৫) বিবিধ।

০১. বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন : গত ১২.০৯.২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা আইন-শৃংঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০২. অপরাধ বিবরণী পর্যালোচনা : অফিসার ইনচার্জ, আটোয়ারী থানা সেপ্টেম্বর, ২০২৩ মাসের অপরাধ বিবরণী সভায় উপস্থাপন করা হয়, যা নিম্নরুপ :

| মাসের নাম | জুয়া | চুরি | ধর্ষণ | খুন | বিদ্যুৎ আইন | সড়ক পরিবহণ আইন | মাদক | নারী ও শিশু নির্যাতন | চোরা চালান | অস্ত্র | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| সেপ্টেম্বর, ২০২৩ | - | ০৩ | - | ০১ | - | - | ০৩ | ০৪ | - | - | ০৯ | ২০ |
| আগস্ট, ২০২৩ | - | ০১ | ০১ | - | - | - | ০২ | ০৩ | - | - | ১১ | ১৮ |

অপরাধ বিবরণী পর্যালোচনায় দেখা যায়, আগস্ট, ২০২৩ মাসে সর্বমোট ১৮ টি মামলা দায়ের হয়েছে, যা জুলাই, ২০২৩ মাসের চেয়ে বৃদ্ধি পেয়েছে।

**০৩. জনপ্রতিনিধি, বিভিন্ন সরকারি দপ্তর, প্রেসক্লাব ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তির নিকট হতে আইন-শৃঙ্খলা সংক্রান্ত প্রাপ্ত তথ্যের-উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:**

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, মির্জাপুর ইউপির (প্রতিনিধি) জানান, আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। ছোট ছোট কিছু চুরি হচ্ছে। বিভিন্ন বাজারে উঠতি বয়সের ছেলেরা অনলাইনে জুয়া খেলে ধ্বংসের দিকে ধাবিত হবে। তিনি আরো বলেন, বার-আউলিয়া বাজারে ব্যাপক পরিমাণে মাদক এবং জুয়া খেলা হয়। মাদক এবং জুয়া নিয়ন্ত্রণে এখন থেকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করা হলে আটোয়ারীবাসী আইন-শৃঙ্খলা অবনতির কবলে পড়বে। সে লক্ষ্যে পুলিশি টহল অব্যাহত রাখাসহ আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণের বিষয়গুলো গুরুত্বের সাথে দেখার জন্য অফিসার ইনচার্জ, আটোয়ারী থানা, আটোয়ারীকে অনুরোধ জানানো হয়। | বার আউলিয়া বাজারে জুয়া খেলা প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং টহল অব্যাহত রাখতে হবে। | অফিসার- ইনচার্জ, আটোয়ারী। |

| | | | |
|---|---|---|---|
| ০২ | চেয়ারম্যান, তোড়িয়া ইউপি বলেন যে, বালাডাঙ্গী বাজারে আশে-পাশে মাদক এবং জুয়ার আসর বসে। সীমান্তবর্তী এলাকা হওয়ায় জুয়া এবং মাদক ব্যবহার নিয়ন্ত্রণে আনা জটিল হয়ে পরেছে। কিছু কিছু জায়গায় জুয়া খেলার আসর বসে। জুয়া ও মাদক নিয়ন্ত্রণে আইন-শৃঙ্খলা বাহিনীকে তৎপর হতে হবে। মামলা সংক্রান্তে চেয়ারম্যানদের প্রায় সময়ে থানায় যেতে হয় মামলার বিষয়ে তাৎক্ষনিক ব্যবস্থা গ্রহণ করা হলে যে কোন সমস্যা দ্রুত সমাধান করা যাবে। আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুলিশি টহল অব্যাহত রাখার জন্য তিনি অফিসার ইনচার্জ, আটোয়ারী থানাকে অনুরোধ জানান। | জুয়া এবং মাদকদ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণে আনাসহ পুলিশি টহল অব্যাহত রাখতে হবে। | অফিসার ইনচার্জ, আটোয়ারী। |
| ০৩ | চেয়ারম্যান, আলোয়াখোয়া ইউনিয়ন পরিষদ আটোয়ারী জানান যে, বর্তমানে তার ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি কিছুটা অবনতি হয়েছে। কিছু দিন আগে ২ (দুই) টি গরু চুরি হয়েছে। নবাগত অফিসার ইনচার্জ আটোয়ারী থানাকে শুভেচ্ছা জানান এবং বলেন তার ইউনিয়নে মাঝে মাঝে গিয়ে পুলিশি টহল দিয়ে সর্তক করে দিলে অপরাধ কিছুটা কম হবে।। অন্যান্য কার্যক্রম যথাযথভাবে অব্যাহত রাখার জন্য তিনি অফিসার ইনচার্জ, আটোয়ারী থানাকে অনুরোধ জানান। | যারা মাদক/জুয়া খেলা এবং বিভিন্ন অপকর্মে লিপ্ত তাদের আইনের আওতায় এনে শাস্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অফিসার- ইনচার্জ, আটোয়ারী |
| ০৪ | চেয়ারম্যান, রাধানগর ইউপি বলেন, বর্তমানে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। ছোট-খাট কিছু চুরি হচ্ছে। আটোয়ারীতে মাদক এবং জুয়ার প্রবণতা কিছুটা বেড়ে যাচ্ছে। দরগাহাট নামক স্থানে মাদক সেবনকারীদের আস্থানা হিসেবে পরিনত হয়েছে। তিনি নবাগত অফিসার ইনচার্জ আটোয়ারী থানাকে স্বাগত জানিয়ে টহল অব্যাহত রাখার অনুরোধ জানান। | দরগাহাট নামক স্থানে যেন কেউ মাদক সেবন করতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে সুকৌশলে আসামী আটক করতে হবে। | অফিসার- ইনচার্জ, আটোয়ারী |
| ০৫ | চেয়ারম্যান, বলরামপুর ইউপি নবাগত অফিসার ইনচার্জ আটোয়ারী থানাকে স্বাগত জানিয়ে বলেন, বলরামপুর ইউনিয়নের আইন-শৃঙ্খলা ভালো রয়েছে। তবে মাদকের সমস্যা রয়েছে। মাদক এবং জুয়ার বিষয়ে সকলকে ঐক্য বদ্ধ হয়ে মাদক ব্যবহার ও পাচার প্রতিরোধ করতে হবে। ফকিরগঞ্জ বাজারের রাস্তার কাজ চলমান রয়েছে। খুব তাড়াতাড়ি মানুষের ভোগান্তি কমে যাবে। আটোয়ারী থানার সকলেই দক্ষ। চাইলে মাদক এবং জুয়া খেলা প্রতিরোধ করতে পারবেন। যে কোন শালিশ সহজেই নিষ্পত্তি করতে পারবেন। তিনি আটোয়ারী থানাকে টহল অব্যাহত রাখার অনুরোধ জানান। | আটোয়ারী উপজেলাকে জুয়া এবং মাদকমুক্ত উপজেলা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অফিসার- ইনচার্জ, আটোয়ারী। |
| ০৬ | চেয়ারম্যান, ধামোর ইউপি বলেন যে, তার ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তবে বর্তমানে চুরির সংখ্যা বৃদ্ধি পেয়েছে। শীত মৌসুমে চুরির প্রবণতা আরো বাড়তে পারে সেজন্য সকলকে সচেতন থাকতে হবে। মান্না নামের এক ব্যক্তি মাদকের ব্যবসা করে, যাকে আটোয়ারীতে ডাইলের(ফ্রেনসিডিল) সম্রাট বলা হয়। তার বাসায় মাঝে মাঝে মাদক বিরোধী অভিযান পরিচালনা করা দরকার। হাজী সমির উদ্দিন, গাছবাড়ি এবং সোনাপাতিলা এই তিনটি পয়েন্টে চুরির সম্ভাবনা বেশি থাকে তাই তিনি উক্ত স্থানগুলোতে টহল অব্যাহত রাখাতে হবে এবং চুরির বিষয়ে বিশেষ গুরুত্ব দিতে হবে। তিনি অফিসার ইনচার্জ, আটোয়ারী থানাকে উক্ত সমস্যাগুলোর প্রতি বিশেষ গুরুত্ব দেয়ার অনুরোধ জানান। | ০১. মান্না নামের মাদক ব্যবসায়ী যেন মাদকের ব্যবসা করতে না পারে সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখতে হবে।<br>০২. হাজি সমির উদ্দিন, গাছবাড়ি এবং সোনাপাতিলায় বেশি বেশি পুলিশি টহল দিতে হবে। | অফিসার- ইনচার্জ, আটোয়ারী। |
| ০৭ | কোম্পানী কমান্ডার, বর্ষালুপাড়া বিওপি, আটোয়ারী সভায় বলেন যে, সীমান্ত পরিস্থিতি ভালো রয়েছে। তিনি জানান চোরাচালান ও নারী-শিশু পাচারের বিষয়ে আমরা অনেক সচেতন রয়েছি। মাদক ব্যবহার ও চোরাচালানের বিষয়েও আমরা তৎপর রয়েছি। সীমান্তবর্তী এলাকায় টহল অব্যাহত রয়েছে। এছাড়া বিভিন্ন সময়ে জনসচতেনতামূলক কার্যক্রম পরিচালনা করা হয়। গত মাসে অভিযান চালিয়ে কোন ধরনের মাদকদ্রব্য উদ্ধার করা সম্ভব হয়নি। সভাপতি সীমান্তে টহল অব্যাহত রাখাসহ গরু চুরি প্রতিরোধে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | সীমান্ত দিয়ে যেন মাদকজাত দ্রব্য এবং গরু পারাপার হয়ে আসতে না পারে সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখসহ টহল অব্যাহত রাখতে হবে। | কোম্পানী কমান্ডার, গিরাগাঁও/বর্ষালুপাড়া বিওপি, আটোয়ারী |

| | | | |
|---|---|---|---|
| ০৮ | কোম্পানী কমান্ডার, গিরাগাঁও বিওপি, আটোয়ারী সভায় বলেন যে, সীমান্ত পরিস্থিতি বর্তমানে স্বাভাবিক রয়েছে। সীমান্ত এলাকায় শান্তিপূর্ণভাবে টহল অব্যাহত রয়েছে। মাঝে মাঝে জনসচেতনতামূলক সভা করা হয়। গত মাসে অভিযান চালিয়ে কোন ধরনের মাদকদ্রব্য উদ্ধার করা সম্ভব হয়নি। উপজেলায় যাতে কোন মাদকজাত দ্রব্য আসতে না পারে সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখাসহ বেশি বেশি মাদক বিরোধী অভিযান ও সভা করতে হবে। | সীমান্তে টহল অব্যাহত রাখাতে হবে। মাদকদ্রব্য প্রতিরোধ করার লক্ষ্যে বেশি বেশি মাদক বিরোধী সভা ও অভিযান পরিচালনা করতে হবে। | কোম্পানী কমান্ডার, গিরাগাঁও/বর্ষালুপাড়া বিওপি, আটোয়ারী |
| ০৯ | সভাপতি/সম্পাদক, আটোয়ারী উপজেলা প্রেস ক্লাব, আটোয়ারী, পঞ্চগড় জানান যে, আসন্ন দূর্গাপূজার সময় মাদকের প্রবণতা বাড়তে পারে। মাদক ব্যবসায়ী ও মাদক কারবারীদের মোবাইল কোর্ট পরিচালনা করে কারাদন্ড দেওয়া হলেও কিছুদিন পরে তারা জামিনে আবার বের হয়ে আসে। জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় বিষয়টি আলোচনা করার জন্য তিনি অনুরোধ জানান। জুয়া খেলা খেলে অনেক সম্পদশালি লোক এখন পথে বসেছেন তাই জুয়া খেলা নিয়ন্ত্রণে আনা অতি জরুরি। তিনি এ বিষয়ে টহল অব্যাহত রাখার জন্য আটোয়ারী থানাকে অনুরোধ জানান। | মাদক ও জুয়া খেলা প্রতিরোধে টহল অব্যাহত রাখতে হবে। | অফিসার ইনচার্জ আটোয়ারী থানা |
| ১০ | সভাপতি/সম্পাদক, আটোয়ারী প্রেস ক্লাব, আটোয়ারী বলেন উপজেলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি অবনতির দিকে। সয়ন হত্যার মামলার আসামীদের গ্রেপ্তারের বিষয়ে জানতে চান। মামলার তেমন কোন অগ্রহতি এখনো পাওয়া যায়নি। মাদকের জন্য এ উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি অবনতির দিকে যাচ্ছে। ভ্রাম্যমান আদলতের মাধ্যমে পরিচালিত মাদকের সাজাপ্রাপ্ত আসামীগণের মূলনথি প্রেরণ না করার জন্য সভাপতিকে অনুরোধ জানান। তিনি আরো বলেন মাধ্যমিক পর্যায়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের চতুর্থ শ্রেনির নিয়োগে অনিয়মের কথা প্রায়শই শোনা যায়। কিছুদিন আগে তোড়িয়া উচ্চ বিদ্যালয়ের নিয়োগ নিয়ে ব্যপক সমালোচিত হয়। জুয়া খেলার সংখ্যা অনেক বেড়ে গেছে এটা নিয়ন্ত্রণে আনাতে হবে। পুলিশ চাইলে চুরি, জুয়া ও মাদক দ্রুত নিয়ন্ত্রণে আনতে পারবে। | আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে চুরি, জুয়া ও মাদক নিয়ন্ত্রণ করতে হবে শিক্ষার মান উন্নয়নে সার্বিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ০১. অফিসার ইনচার্জ আটোয়ারী থানা<br>০২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,আটোয়ারী |
| ১১ | জনাব মো: নজরুল ইসলাম , সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, আটোয়ারী বলেন, আটোয়ারী উপজেলায় মাদকদ্রব্যের ব্যবহার যেন কোনোভাবে বাড়তে না পারে সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখতে হবে। শীত মৌসুমে চুরির প্রবনতা দেখা দিতে পারে। তাই চুরি নিয়ন্ত্রণসহ আইন-শৃংখলা রক্ষা করতে হবে। | আইন-শৃংখলা রক্ষার লক্ষ্যে চুরি নিয়ন্ত্রণ করতে হবে। | অফিসার ইনচার্জ আটোয়ারী থানা |
| ১২ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী সভায় জানান যে, আটোয়ারী উপজেলা একটি শান্তিপ্রিয় উপজেলা হওয়ায় এখানে রাজনৈতিক তেমন কোন সংঘাত নেই। তবে মূল সমস্যা হলো মাদক ও অনলাইন জুয়া। কিছু এজেন্ট আছে যাদের মাধ্যমে জুয়া খেলার টাকা পরিশোধ করা হয়। এ ধরনে অনলাইন জুয়া খেলা বন্ধ করতে হবে, তা না হলে যুব সমাজ নষ্ট হয়ে যাবে। এ জুয়ার জন্য ছোট ছোট ছেলেরাও মাদকের সাথে জড়িত হচ্ছে । থানার পিছনেও মাদক ব্যবসা হয় মর্মে জানা গেছে। তিনি অফিসার ইনচার্জ আটোয়ারী থানাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | জুয়া এবং মাদক নিয়ন্ত্রণে অতি জরুরী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অফিসার- ইনচার্জ আটোয়ারী । |
| ১৩ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ আটোয়ারী জানান, আমরা সবাই বলি আটোয়ারী উপজেলা শান্তিপূর্ণ এলাকা কিন্তু চুরি ও অন্যান্য ছোট খাট ঘটনা ঘটেছে। স্কুলের নিয়োগসমূহ সঠিকভাবে হওয়ার জন্য তিনি সভাকে অনুরোধ জানান। তিনি বলেন সয়নের ঘটনাটি মাদকের জন্যই ঘটেছে। মাদকের বিষয়ে সকলকে সচেতন থাকার আহবান জানান এবং আটোয়ারীকে মাদক মুক্ত উপজেলার দাবি জানান। অনলাইন জুয়া খেলার বিষয়ে সকলকে সচেতন থাকতে হবে। তিনি আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখার জন্য অনুরোধ জানান। আটোয়ারীতে সামাজিক সচেতনতা তৈরি করা প্রয়োজন। সামাজিক সমস্যাগুলো সমঝোতার মাধ্যমে নিয়ন্ত্রণে আনতে হবে। | মাদকদ্রব্য, চোরাচালান ও আইন-শৃংখলা নিয়ন্ত্রণে বিশেষ ভূমিকা পালন করতে হবে। | অফিসার ইনচার্জ আটোয়ারী থানা । |

| | | | |
|---|---|---|---|
| ১৪ | অফিসার ইনচার্জ, আটোয়ারী থানা সভায় জানান, তিনি সদ্য আটোয়ারী উপজেলায় যোগদান করেছেন। আটোয়ারী উপজেলার সীমান্ত পরিস্থিতি বর্তমানে ভাল রয়েছে মর্মে তিনি বিভিন্ন মাধ্যম হতে জানতে পেরেছি। আইন-শৃঙ্খলা সংক্রান্ত কোন তথ্য কারো জানা থাকলে তা দ্রুত থানায় জানানোর জন্য স্থানীয় জনসাধারণ ও জনপ্রতিনিধিগণকে অনুরোধ জানান। সয়ন হত্যা মামলার অভিযান চলমান রয়েছে। যদি আল্লাহ সহায় থাকেন খুব তারাতারি সয়ন হত্যার আসামীগণদের গ্রেপ্তার করা হবে। বিট পুলিশিং এবং গোয়েন্দা নজরদারীতে তৎপর রয়েছি। অনলাইন জুয়া খেলার বিষয়ে আমরা তৎপর আছি। আসন্ন জাতীয় সংসদ নির্বাচন ২০২৩ কে কেন্দ্র করে সাম্প্রদায়িক এবং ধর্মীয় বিষয় নিয়ে বড় কোন ঘটনা না ঘটতে পারে সে বিষয়ে আটোয়ারী থানা তৎপর থাকবে। মাদকের বিষয়ে অভিযান পরিচালনা অব্যাহত রয়েছে। মাদক ব্যবহার ও চোরাকারবারীদের আস্তানা, তথ্য সংগ্রহ ও গ্রেপ্তার করার জন্য মাদক ব্যবসায়ী/ব্যবহারকারীসহ বিভিন্ন শ্রেণি ও পেশার মানুষকে সোর্স হিসাবে ব্যবাহার করতে হবে। স্কুল সময়ে বখাটে যেন রাস্তা-ঘাটে ইভটিজিং করতে না পারে সেজন্য স্কুল শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বে এবং স্কুল শেষ হওয়ার পর পুলিশি টহল অব্যাহত রয়েছে। | ০১.আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>০২. মাদক ও অনলাইন জুয়া জরুরিভিত্তিতে নিয়ন্ত্রনসহ আসন্ন জাতীয় সংসদ নির্বাচন ২০২৩ কে কেন্দ্র করে সাম্প্রদায়কি এবং ধর্মীয় বিষয় নিয়ে কোন ঘটনা সংঘটিত হতে না পারে সে বিষয়ে সতর্ক থাকতে হবে। | অফিসার ইনচার্জ আটোয়ারী থানা, কোম্পানী কমান্ডার, গিরাগাঁও/বর্ষালুপাড়া বিওপি, আটোয়ারীসহ সংশ্লিষ্ট সকল। |

০৪. বর্তমান পরিস্থিতিতে আটোয়ারী উপজেলায় আইন-শৃঙ্খলা সমুন্নত রাখার ক্ষেত্রে সকলের করণীয়:

আটোয়ারী উপজলোয় আইন-শৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখার লক্ষ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হলো:

সিদ্ধান্ত:

০১. গাঁজা, মদ বা ফেন্সিডিল, যে কোন ধরনের মাদক দ্রব্য চোরাচালানের মাধ্যমে যাতে আটোয়ারী উপজেলায় পাচার হয়ে আসতে না পারে সে ব্যাপারে সতর্ক দৃষ্টি রাখতে হবে, এ বিষয়ে সীমান্ত এলাকায় টহল অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়নে: কোম্পানী কমান্ডার, বর্ষালুপাড়া ও গিরাগাঁও বিওপি, আটোয়ারী, পঞ্চগড়।

উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির অবগতির জন্য জানান, সম্প্রতি আটোয়ারী উপজেলায় বিভিন্ন ধরণের নতুন নতুন অপরাধ সংঘটিত হতে দেখা যাচ্ছে। বর্তমানে বর্ষা মৌসুমে জলাবদ্ধতাসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ সৃষ্টি হওয়ার সম্ভাবনা খুব বেশি। তাই সবসময় সচেতন থাকতে হবে। জনগণকে সজাগ/সচেতন থাকার লক্ষ্যে প্রয়োজনে মাঝে মধ্যে মাইকিং এর ব্যবস্থা করতে হবে। বাজারগুলোতে বাজার মূল্য তালিকা রাখতে হবে। আগামী জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে কেউ যেন কোন অপ্রীতিকর ঘটনা ঘটাতে না পারে সে বিষয়ে সজাগ থাকতে হবে। বিভিন্ন অপরাধসহ অনাকাঙ্খিত ঘটনা ঘটার সাথে সাথে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট এলাকার সাংবাদিক, চেয়ারম্যান, মেম্বার, বিবেচ্য সভার সদস্যবৃন্দসহ ঐ এলাকার গণ্যমাণ্য ব্যক্তিগণকে অনুরোধ জানানো হয়। মাদক ব্যবসায়ী, মাদক ব্যবহার ও চোরাচালানকারীদের প্রতিরোধ করার লক্ষ্যে আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনী, বিজিবি ও ইউপি চেয়ারম্যানগণসহ বিবেচ্য কমিটির সকলকে সক্রিয় ভূমিকা পালন করতে হবে এবং এ উপজেলায় কোন অপ্রীতিকর ঘটনা ঘটতে না পারে সে লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। আইন-শৃংখলা স্বাভাবিক রাখতে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করা হয়।

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৯/১০/২০২৩

মো: মুসফিকুল আলম হালিম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজে লা আইন-শৃঙ্খলা কমিটি
আটোয়ারী, পঞ্চগড়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আটোয়ারী, পঞ্চগড়
www.atwari.panchagarh.gov.bd

স্মারক নং - ০৫.৪৭.৭৭০৪.০০০.২০.০০১.২৩- ৯৬৫

তারিখ : ২৪ আশ্বিন, ১৪৩০
০৯ অক্টোবর, ২০২৩

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

০১. জেলা প্রশাসক, পঞ্চগড়।

০২. পুলিশ সুপার, পঞ্চগড়।

০৩. ---------------------------------------------------------আটোয়ারী, পঞ্চগড়।

০৯/১০/২০২৩

মোঃ মুসফিকুল আলম হালিম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
আটোয়ারী, পঞ্চগড়
মোবাইল নাম্বার: ০১৭০৮৩৯৭৭০৭

সভায় উপস্থিত অনুপস্থিত সদস্যগণের তালিকা : পরিশিষ্ট 'ক' ও 'খ"

| সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'খ' | -- | সভায় অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'খ' |
|---|---|---|
| চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী। | ১ | অধ্যক্ষ, মির্জা গোলাম হাফিজ ডিগ্রী কলেজ, আটোয়ারী। |
| উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, আটোয়ারী। | ২ | সুপার, আটোয়ারী নেছারিয়া ছালেহিয়া দাখিল মাদ্রাসা |
| মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী। | ৩ | মেয়র, বোদা পৌরসভা এর প্রতিনিধি। |
| অফিসার ইনচার্জ, আটোয়ারী। | ৪ | প্রধান শিক্ষক, আটোয়ারী সরকারি পাইলট বাঃ উ/বি। |
| ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী। | ৫ | চেয়ারম্যান, বলরামপুর ইউপি, আটোয়ারী, পঞ্চগড়। |
| কোম্পানী কমান্ডার, গিরাগাঁও বিওপি, আটোয়ারী। | ৬ | প্রধান শিক্ষক, আটোয়ারী মডেল পাইলট উচ্চ বিদ্যালয় |
| কোম্পানী কমান্ডার, বালাপাড়া বিওপি, আটোয়ারী। | ৭ | জনাব মোঃ জাহেরুল ইসলাম, সাংবাদিক, আটোয়ারী |
| চেয়ারম্যান, মির্জাপুর ইউপি, আটোয়ারী পঞ্চগড়। | ৮ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, আটোয়ারী। |
| চেয়ারম্যান, তোড়িয়া ইউপি, আটোয়ারী পঞ্চগড়। | ৯ | |
| চেয়ারম্যান, আলোয়াখোয়া ইউপি, আটোয়ারী। | ১০ | |
| চেয়ারম্যান, রাধানগর ইউপি, আটোয়ারী, পঞ্চগড়। | ১১ | |
| চেয়ারম্যান, ধামোর ইউপি, আটোয়ারী। | ১২ | |
| জনাব মো: নজরুল ইসলাম, সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, আটোয়ারী | ১৩ | |
| উপজেলা সমাজসেবা অফিসার, আটোয়ারী। | ১৪ | |
| উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, আটোয়ারী। | ১৫ | |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আটোয়ারী। | ১৬ | |
| সভাপতি/সম্পাদক, উপজেলা প্রেস ক্লাব, আটোয়ারী। | ১৭ | |
| সভাপতি/সম্পাদক, আটোয়ারী প্রেসক্লাব, আটোয়ারী। | ১৮ | |
| সভাপতি, বাংলাদেশ মানবাধিকার বাস্তবায়ন ফাউঃ। | ১৯ | |
| উপজেলা শিক্ষা অফিসার, আটোয়ারী। | ২০ | |
| সভাপতি/সম্পাদক, ফকিরগঞ্জ বাজার বণিক সমিতি। | | |
| অধ্যক্ষ, আটোয়ারী আদর্শ মহিলা কলেজ, আটোয়ারী | | |